



স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/খু-১০৭/২০১৮/ ২৫১২২

তারিখ: ২৬ আশ্বিন ১৪৩৩
১১ অক্টোবর ২০২৬


অফিস আদেশ

ইন্দ্রনগর হুসাইনাবাদ সিদ্দিকীয়া ফাজিল মাদরাসা, ডাকঘরঃ কাজলা, উপজেলাঃ কালিগঞ্জ, জেলাঃ সাতক্ষীরা -এর ফাজিল (স্নাতক) বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২১.০৪.২০২৫ খ্রিঃ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি-২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বিএ স্তরের নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০২৬ থেকে ২৬.০৪.২০২৯খ্রিঃ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো :

শর্তসমূহ :

১. মাদরাসার লাইব্রেরীকে আরো সমৃদ্ধ করতে হবে;
২. শ্রেণি কক্ষে শিক্ষার্থীদের উপস্থিতি সংখ্যা সন্তোষজনক হতে হবে;
৩. নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের লেখা পড়ার মান বৃদ্ধির ব্যাপারে কার্যকর পদক্ষেপ নিতে হবে;
৪. ফাজিল স্তরের শিক্ষার্থীদের ক্লাসমুখী করতে হবে;
৫. মাদরাসার অবকাঠামো সংকট দূর করার জন্য দ্রুত কার্যকর পদক্ষেপ নিতে হবে;
৬. মাদরাসার এ্যালোমনাই এসোসিয়েশনকে কার্যকর করতে হবে;
৭. শিক্ষার্থীদের বহুমুখী প্রতিভা বিকাশের লক্ষ্যে সাংস্কৃতিক ক্লাব গঠন এবং বার্ষিক কমপক্ষে দুটি সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করতে হবে;
৮. শিক্ষার্থীদেরকে আরবি ও ইংরেজি ভাষায় বিশেষ দক্ষতা অর্জনের জন্য ল্যাংগুয়েজ ক্লাবের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৯. মাদরাসার ফুল গাছ লাগানো এবং শ্রেণীকক্ষ ও আসীনা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে;
১০. প্রতি তিন মাস পরপর অভিভাবক সমাবেশ ও শিক্ষার্থীদের মোটিভেশনাল প্রোগ্রাম করতে হবে;
১১. অধিভুক্তি নবায়নের তারিখ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে


(প্রফেসর ড. হুসাইন আহম্মদ)
মাদরাসা পরিদর্শক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ


ইন্দ্রনগর হুসাইনাবাদ সিদ্দিকীয়া ফাজিল মাদরাসা
ডাকঘরঃ কাজলা, উপজেলাঃ কালিগঞ্জ, জেলাঃ সাতক্ষীরা

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/খু-১০৭/২০১৮/ ২৫১২২ (০৭)

তারিখ: ২৬ আশ্বিন ১৪৩৩
১১ অক্টোবর ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পি.এস টু ভিসি ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, ইন্দ্রনগর হুসাইনাবাদ সিদ্দিকীয়া ফাজিল মাদরাসা, ডাকঘরঃ কাজলা, উপজেলাঃ কালিগঞ্জ, জেলাঃ সাতক্ষীরা।
৭. অফিস নথি।


(হায়েদ আহম্মদ মজুমদার)
সেকশন অফিসার
মোবাইলঃ ০১৮২০-২৯২৫৩২